



## তপন বিহারী নাগ ট্রাস্ট বৃত্তি প্রদান অনুষ্ঠান ২০২৪



২৯ মে ২০২৪-বুধবার আইন অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইনের শিক্ষার্থীদের মাঝে তপন বিহারী নাগ ট্রাস্ট বৃত্তি প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বিজ্ঞ এটর্নি জেনারেল এ্যাডভোকেট এ এম আমিন উদ্দিন বলেন, “বর্তমানে নারীরা বিভিন্ন পেশার পাশাপাশি আইন পেশায়ও ভালো করছেন। নারীরা নিজেদের শ্রেষ্ঠত্ব নিজেরাই তৈরি করছেন।” উপাচার্য অধ্যাপক সাদেকা হালিমের বলিষ্ঠ নেতৃত্বে জগন্নাথ বিশ্ববিদ্যালয় অনেক দূর এগিয়ে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ সম্মানিত হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বলেন, “আমাদের সবার জীবনে নৈতিকতা ও সততা থাকতে হবে। বর্তমান সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে শব্দচয়নে আমাদের সতর্ক হতে হবে। তপন বিহারী নাগের মতো আমাদের সর্বক্ষেত্রে সততা ও ন্যয়নিষ্ঠতা দেখাতে হবে। তাহলেই আমরা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে পারবো।” উল্লেখ্য এ্যাডভোকেট তপন বিহারী নাগ মফস্বলের একজন সাধারণ আইনজীবী। তিনি তার জীবনের সকল সঞ্চয় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানে ব্যয় করেছেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ এবং ভূমি ব্যবস্থাপনা ও আইন বিভাগের মোট ১০ জন শিক্ষার্থীকে উক্ত বৃত্তি প্রদান করা হয়। এই বৃত্তির আওতায় প্রতি শিক্ষার্থী ১২ হাজার টাকা করে শিক্ষা সহায়তা পাবেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ এবং সমাপনী বক্তব্য দেন ভূমি ব্যবস্থাপনা ও আইন বিভাগের চেয়ারম্যান ড. শারমীন আখতার।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।